গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
www.lgd.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৬৪. ৩২.০৬০.১৪- ৫২৯

তরিখ: ১৭ জৈষ্ঠ্য ১৪৩০
৩১ মে ২০২৩

বিষয়: দেশের সরকারি এবং বেসরকারি ভবনসমূহ বীমার আওতায় আনয়ন প্রসঙ্গে।

সূত্র: (১) স্থানীয় সরকার বিভাগের প্রশাসন-১ শাখার স্মারক নং-৫৭৮, তারিখ: ২৯/০৫/২০২৩ খ্রি.
(২) আর্থিক প্রতিষ্ঠান বিভাগের বীমা শাখার স্মারক নং-১৩২, তারিখ: ১৮/০৫/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ হতে প্রাপ্ত দেশের সরকারি এবং বেসরকারি ভবনসমূহ বীমার আওতায় আনয়ন সংক্রান্ত পত্রটির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে এতদসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

(ফারজানা মান্নান)
উপ সচিব
ফোনঃ ০২-৯৫৭৫৫৭২
E-mail: lgpaura2@lgd.gov.bd

মেয়র/প্রশাসক (সকল)
.....................পৌরসভা
জেলা:......................।

অনুলিপি:

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। উপসচিব, প্রশাসন-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
বীমা শাখা
www.fid.gov.bd

স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.৪১১.৯৯.০০১.১৮.১৩২

তারিখ: ৪ জ্যৈষ্ঠ ১৪৩০
১৮ মে ২০২৩

বিষয়: দেশের সরকারি এবং বেসরকারি ভবনসমূহ বীমার আওতায় আনয়ন।

সূত্র: বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের স্মারক-৫৩.০৩.০০০০.০৫২.০৬.০১২.২২-৫৮; ১৮ জানুয়ারি ২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের রাজধানী ঢাকাসহ বিভিন্ন মহানগরীতে ব্যাপক উন্নয়ন কর্মকান্ডের ফলে ক্রমান্বয়ে বহুতল ভবনের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। ফলে ভবনগুলোর ঝুঁকির আশংকাও বেড়ে যায়। বেশকিছু ভবনে বৈদ্যুতিক শর্ট সার্কিট হতে অগ্নিকান্ডের কারণে সম্পদ ও জান-মালের ব্যাপক ক্ষতি সাধিত হচ্ছে। ভূমিকম্প ও অগ্নিকান্ডে সম্পদ ও প্রাণহানির আশংকা সবসময়েই হয়ে থাকে। ভূতাত্ত্বিক বৈশিষ্ট্যের কারণে রাজধানী ঢাকাসহ বাংলাদেশের বিশাল এলাকা ভূমিকম্পের জন্য ঝুঁকিপ্রবণ এলাকা হিসেবে চিহ্নিত। এ ধরণের বিশাল ক্ষয়-ক্ষতির ঝুঁকি মোকাবিলায় বীমা খুবই কার্যকর ভূমিকা রাখতে পারে।

২। দেশে সংঘটিত অগ্নিকান্ড, ভূমিকম্পসহ বিভিন্ন ঝুঁকি এবং ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের আর্থিক ক্ষতি হ্রাসের জন্য সকল সরকারি ও বেসরকারি ভবনসমূহ বীমার আওতায় আনার পদক্ষেপ গ্রহণের জন্য মাননীয় অর্থমন্ত্রী নির্দেশনা প্রদান করেছেন। দেশের সকল ভবন/বহুতল ভবনের মালিকগণ অগ্নিকান্ড ও ভূমিকম্পসহ বড় ধরণের দুর্যোগ/দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত হলে বীমার আওতায় থাকার ফলে সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানের আর্থিক নিরাপত্তা নিশ্চিত হবে।

৩। এমতাবস্থায়, দেশের সকল সরকারি ও বেসরকারি ভবনসমূহ বাধ্যতামূলকভাবে বীমার আওতায় আনার বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৮-৫-২০২৩
মোঃ জাহিদ হোসেন
উপসচিব
ফোন: ০২২২৩৩৫৪০১০
ফ্যাক্স: ৯৫১৩৫০০
ইমেইল: ds.insurance@fid.gov.bd

বিতরণ :

১) সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
২) সচিব, স্থানীয় সরকার বিভাগ

স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.৪১১.৯৯.০০১.১৮.১৩২/১(৬)

তারিখ: ৪ জ্যৈষ্ঠ ১৪৩০
১৮ মে ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
২) ব্যবস্থাপনা পরিচালক, সাধারণ বীমা কর্পোরেশন

## বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা
উন্নয়ন শাখা
নন-লাইফ অনুবিভাগ
www.idra.org.bd

স্মারক নং: ৫৩.০৩.০০০০.০৫২.০৬.০১২.২২. ৫৮ — তারিখঃ ১৮ জানুয়ারি ২০২৩

**বিষয়ঃ মাননীয় অর্থমন্ত্রীর নির্দেশনা মোতাবেক দেশের সরকারি এবং বেসরকারি ভবন বীমার আওতায় আনয়ন প্রসঙ্গে।**

সূত্র (১): অর্থ মন্ত্রণালযের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের স্মারক নং: ৫৩.০০.০০০০.৪৪১.০৬.০০২.১৯.৪৩২, তারিখ: ১২ নভেম্বর ২০১৯।
(২): কর্তৃপক্ষের স্মারক নং: ৫৩.০৩.০০০০.০১৭.০৬.০০২.১৯.১২৮, তারিখ: ১৫ মে ২০১৯।
(৩): অর্থ মন্ত্রণালযের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের স্মারক নং: ৫৩.০০.০০০০.৪৪১.৯৯.০০১.১৮.৩২৭, তারিখ: ১৮ আগষ্ট ২০১৯।
(৪): কর্তৃপক্ষের স্মারক নং: ৫৩.০৩.০০০০.০১৭.০৬.০০২.১৯.২৭০, তারিখ: ১৪ নভেম্বর ২০১৯।
(৫): কর্তৃপক্ষের স্মারক নং: ৫৩.০৩.০০০০.০১৭.০৬.০০২.১৯.২৮০, তারিখ: ২১ নভেম্বর ২০১৯।

দেশের রাজধানী ঢাকাসহ বিভিন্ন মহানগরীতে ব্যাপক উন্নয়ন কর্মকাণ্ডের ফলে ক্রমান্বয়ে বহুতল ভবনের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। ফলে ভবন সংক্রান্ত বিভিন্ন ঝুঁকির আশংকাও বৃদ্ধি পাচ্ছে। কিছু কিছু ভবনে বৈদ্যুতিক শর্ট সার্কিট হতে অগ্নিকাণ্ডের ফলে সম্পদ ও জান-মালের ব্যাপক ক্ষতি সাধিত হচ্ছে। ভূমিকম্প ও অগ্নিকাণ্ডের কারণে সম্পদ ও প্রাণহানির আশংকা আমাদের দেশে সবসময়েই থাকে। উল্লেখ্য, ভূতাত্ত্বিক বৈশিষ্ট্যের কারণে রাজধানী ঢাকাসহ বাংলাদেশের বিশাল এলাকা ভূমিকম্পের জন্য ঝুঁকিপ্রবণ এলাকা হিসেবে চিহ্নিত। বড় ধরণের ভূমিকম্প সংঘটিত হলে বাংলাদেশ ব্যাপক অর্থনৈতিক ক্ষতির সম্মুখীন হবে। এ ধরনের বিশাল ক্ষয়ক্ষতির ঝুঁকি মোকাবিলায় বীমা খুবই কার্যকর ভূমিকা রাখতে পারে। রি-ইন্স্যুরেন্সের মাধ্যমেও দেশী-বিদেশী বীমাকারীর পক্ষে বীমা গ্রহীতার আর্থিক ক্ষতিপূরণ করা সম্ভব হবে।

০২। এ অবস্থার প্রেক্ষিতে মাননীয় অর্থমন্ত্রী অগ্নিকাণ্ড, ভূমিকম্পসহ বিভিন্ন ঝুঁকি এবং ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের আর্থিক ক্ষতি হ্রাসের লক্ষ্যে সকল সরকারি ও বেসরকারি ভবন/বহুতল ভবন বীমার আওতায় আনার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। ভবনের ঝুঁকি নিরসনে চলমান বীমা পরিকল্পগুলো হচ্ছে: Fire Insurance, Earthquake Insurance, Cyclone Insurance, Flood Insurance, All Risk Insurance ইত্যাদি। দেশের সকল ভবন/বহুতল ভবনের মালিকগণ অগ্নিকাণ্ড ও ভূমিকম্পসহ বড় ধরনের দুর্যোগ/দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত হলে বীমার আওতায় থাকার কারণে সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানের আর্থিক নিরাপত্তা নিশ্চিত হবে।

০৩। বিশ্বের বিভিন্ন দেশে, যেমন: আইসল্যান্ড, রোমানিয়া, জুরিখের সুইস ক্যান্টন এবং তুরস্কে (পৌরসভার এরিয়ার মধ্যে) Earthquake Insurance বীমা বাধ্যতামূলক করা হয়েছে। ফ্রান্স, নিউজিল্যান্ড, স্পেন এবং চাইনিজ তাইপেও অগ্নি বীমা এবং ভূমিকম্প বীমা পরিকল্প চালু রয়েছে।

০৪। এমতাবস্থায়, বিরূপ পরিস্থিতি মোকাবেলার জন্য মাননীয় অর্থমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন করতে দেশব্যাপী সরকারি ও বেসরকারি ভবনসমূহ বাধ্যতামূলকভাবে বীমার আওতায় আনার লক্ষ্যে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় (রাজউক ও জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ) এবং স্থানীয় সরকার বিভাগে (সিটি কর্পোরেশনসমূহ) পত্র প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামোতাবেক

মোঃ জাহাঙ্গীর আলম
পরিচালক (উপ-সচিব)

সচিব
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়
ঢাকা-১০০০

যুগ্ম-সচিবের দপ্তর
বীমা অধিশাখা
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ